গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ।
www.debendracollege.gov.bd

স্মারক নং- সদেক/২০২১/হিসাব/এন-১/০১(৯০)

তারিখ : ০৯/০১/২০২১ খ্রি.

বিজ্ঞপ্তি

এতদ্বারা অত্র কলেজে অধ্যয়নরত ২০২০-২১ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির ছাত্র- ছাত্রীদের জানানো যাচ্ছে যে, ২০২০ সালের এস.এস.সি পাসকৃত রাজস্ব খাতভূক্ত বৃত্তিপ্রাপ্ত (মেধা ও সাধারণ) নিয়মিত শিক্ষার্থীদের (মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী ব্যতীত) বৃত্তির টাকা G2P পদ্ধতিতে E.F.T- এর মাধ্যমে সরাসরি শিক্ষার্থীদের ব্যাংক হিসাবে প্রেরণ করা হবে। এ লক্ষ্যে আগামী **১৬/০১/২০২১** তারিখের মধ্যে বৃত্তিপ্রাপ্ত (মেধা ও সাধারণ) শিক্ষার্থীদের অনলাইন সুবিধাসম্পন্ন ব্যাংক হিসাব খোলা পূর্বক নিম্নবর্ণিত কাজগপত্রসহ ব্যাংক হিসাব নম্বর কলেজের হিসাব শাখায় জমা দেয়ার জন্য নির্দেশ দেয়া হলো।

প্রয়োজনীয় কাগজপত্রাদি:

০১। কলেজের হিসাব শাখা হতে অনলাইন ফরম সঠিক ও নির্ভুলভাবে পূরণ করা।
০২। বৃত্তিপ্রাপ্ত গেজেটের ফটোকপি।
০৩। ২০২০ সালের এস.এস.সি পরীক্ষার নম্বর পত্রের ফটোকপি।
০৪। পূর্ববর্তী শিক্ষা প্রতিষ্ঠানের প্রত্যয়ণ পত্র।
০৫। ব্যাংক হিসাব খোলার প্রমাণ পত্র।
০৬। ১৩- ১৭ ডিজিটের সঠিক ব্যাংক হিসাব নম্বর, ব্যাংকের নাম, ব্যাংক শাখার নাম, ও রাউটিং নম্বর। (বিকাশ, শিওর ক্যাশ, নগদ, এজেন্ট ব্যাংকিংসহ এ ধরণের হিসাব নম্বর ব্যতিত)
০৭। শিক্ষার্থীর কলেজ আই. ডি. কার্ড- এর ফটোকপি।
০৮। শিক্ষার্থীর জন্ম সনদের ফটোকপি।
০৯। পিতা- মাতার এন. আই. ডি কার্ডের ফটোকপি।
১০। শিক্ষার্থীর সক্রিয় মোবাইল নম্বর।

উল্লেখ্য যে, নির্ধারিত তারিখের মধ্যে প্রয়োজনীয় কাগজপত্র ও সঠিক তথ্যাদি কলেজের হিসাব শাখায় জমা না দিলে বৃত্তির টাকা উত্তোলন করতে ব্যর্থ হলে কলেজ কর্তৃপক্ষ দায়ি থাকবে না।

০৯.০১.২০২১
অধ্যক্ষ
সরকারি দেবেন্দ্র কলেজ
মানিকগঞ্জ।